

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

www.publiclibrary.gov.bd, Fax # 58611775

গণগ্রন্থাগার অধিদপ্তর এর ইনোভেশন টিমের ৩০.০১.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

গণগ্রন্থাগার অধিদপ্তর এর ইনোভেশন টিমের সভা ইনোভেশন অফিসার জনাব আবদুল্লাহ হারুন পাশা, পরিচালক (যুগ্মসচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে ৩০.০১.১৮ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেনঃ

(১)	জনাব মোহাম্মদ জিল্লুর রহমান প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)	-	সদস্য
(২)	জনাব হরেন্দ্রনাথ বসু প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক	-	সদস্য
(৩)	জনাব এ.ডি.এম. আলী আহাম্মদ লাইব্রেরিয়ান (প্রশাসন ও হিসাব)	-	সদস্য
(৪)	জনাব মোহাম্মদ হামিদুর রহমান সহকারী পরিচালক (সংগ্রহ ও বিতরণ)	-	সদস্য
(৫)	খন্দকার আসিফ মাহতাব লাইব্রেরিয়ান (উন্নয়ন)	-	সদস্য
(৬)	জনাব মোঃ মাকসুদুর রহমান মেইনটেনেন্স সুপারভাইজার	-	সদস্য

সভার শুরুতে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইনোভেশন টিমের সদস্য জনাব এ.ডি.এম. আলী আহাম্মদ-কে গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি উপস্থাপনের জন্য আহ্বান জানান। জনাব আহাম্মদ গত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সুপারিশ গ্রহণ করা হয়ঃ

ক্রমিক	আলোচনা	সুপারিশ/সিদ্ধান্ত	মন্তব্য
১।	২৭.১২.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কারো কোনো সংশোধনী না থাকায় তা অনুমোদন করা যায় মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	২৭.১২.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়।	
২।	গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক নিজস্ব অর্থায়নে wi-fi করার ব্যবস্থা ইতোমধ্যে নেয়া হয়েছে। কিন্তু Bandwith কম থাকায় পাঠকক্ষে wi-fi চালু করা যাচ্ছে না বলে খন্দকার অফিস মাহতাব সভাকে অবহিত করেন। Bandwith বৃদ্ধি করার জন্য বিটিসিএল এর সাথে সভা করে পরবর্তী ব্যবস্থা নেয়ার জন্য সভায় আলোচনা হয়।	বিটিসিএল-কে দ্রুত সময়ের মধ্যে সভার আয়োজন করতে হবে এবং ১৫ এমবিপিএস Bandwith সরবরাহ নিশ্চিত করতে হবে। এ জন্য বিটিসিএল-কে চিঠি দিয়ে সমস্যা জানাতে হবে।	লাইব্রেরিয়ান (উন্নয়ন) খন্দকার আসিফ মাহতাব বিষয়টি নিশ্চিত করবেন।
৩।	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী এ অধিদপ্তরের অডিটরিয়াম ও সেমিনার কক্ষ বরাদ্দের ফরম এবং পুস্তক লেনদেনের নিমিত্ত সদস্য ফরম অনলাইনে প্রবর্তন করার প্রস্তাব অনুযায়ী ইতোমধ্যে প্রয়োজনীয় সফটওয়্যার তৈরির কাজ শেষ হয়েছে এবং এর কার্যক্রম শুরু করা হয়েছে। সভাপতি সভায় প্রস্তাব রাখেন যে, প্রত্যেক বিভাগীয় ও জেলা সরকারি গণগ্রন্থাগারে ফেইজবুক পেইজ খুলে এটির ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। এতে সকল সদস্য একমত পোষণ করেন।	শওকত ওসমান স্মৃতি মিলনায়তন ও সেমিনার কক্ষ অনলাইনে বুকিং এবং সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের সদস্য অনলাইনে হওয়ার জন্য প্রচার করতে হবে। প্রতিটি বিভাগীয় ও জেলা অফিসকে ফেইজবুক পেইজ খোলার জন্য নির্দেশনা দিতে হবে। ফেইসবুক পেইজ খুলে ওয়েব পোর্টাল এ তথ্য দিতে হবে যাতে অনলাইনে হল বুকিং ও সদস্য হওয়া যায়। পূর্বালী ব্যাংক লি., বিএসএমএমইউ, শাহবাগ শাখায় অনলাইনে টাকা জমা দেয়ার ব্যাপারে বিস্তারিত জানিয়ে পত্র মারফত যোগাযোগ করতে হবে।	